45

আজকের কাগজ

তারিখ 09 AUG 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

মন্ত্রিপরিষদের বৈঠকে

# ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি পর্যালোচনা

**কাগজ প্রতিবেদক :** মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। বৈঠকে শিক্ষামন্ত্রীসহ কয়েকজন মন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ব্যাখ্যা করেন। মন্ত্রিপরিষদের ঘনিষ্ঠ সূত্রগুলো জানায়, বৈঠকে প্রধানমন্ত্রী ছাত্রদল সম্পর্কে বিভিন্ন পত্র পত্রিকার রিপোর্টের ব্যাপারে ব্যাখ্যা চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ছাত্রদলের ছেলেরা কোন সন্ত্রাস করেনি। ছাত্রলীগের ছেলেরা ছাত্রদলের মিছিলে হামলা করলে পুলিশ বাঁধা দেয়। পরে পুলিশের সঙ্গে ছাত্রদলের সংঘর্ষ হয়। স্বরাষ্ট্রমন্ত্রী আরো জানান যে, গত কয়েক দিনে বিএনপি মনোভাবাপন্ন শিক্ষক এরশাদুল বারীকে ঘিরে বেশ কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটে। তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ভূমিকার সমালোচনা করেন এবং বলেন, ডাঃ এরশাদুল বারীর কক্ষ যারা ভাংচুর করেছে, তাদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যবস্থা নেয়া উচিত।

শিক্ষামন্ত্রী অবশ্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এখন আওয়ামী পন্থী। এ জন্যেই সমস্যা হচ্ছে। তিনি পৃথক একটি শিক্ষক সমিতি গঠনের উপর গুরুত্বারোপ করেন। অবশ্য কয়েকজন মন্ত্রী এর বিরোধীতা করেন। তারা বিশ্ববিদ্যালয় নিয়ে ধ্বংসাত্মক রাজনীতির পরিণাম ভালো হয় না বলে উল্লেখ করেন।

সূত্রমতে, বিশ্ববিদ্যালয়ে ভবিষ্যতে সংঘর্ষ এড়ানোর জন্যে কি ব্যবস্থা নেয়া যায় তাও বৈঠকে আলোচনা করে। বৈঠকে অধিকাংশ মন্ত্রী মন্তব্য করেন যে, আওয়ামী লীগ সরকারকে বেকারদায় ফেলার জন্যে ক্যাম্পাসকে অস্থির করে রাখবে এ জন্যে ছাত্রদলকে শক্তিশালী করার ওপর তারা গুরুত্বারোপ করেন। ছাত্রদলের নেতৃত্বে বিভিন্ন কর্মসূচি গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। বৈঠকে কয়েক জন বিএনপি মনস্ক শিক্ষকদের পৃথক বিবৃতি এবং পরিস্থিতি ব্যাখ্যা করার উপর গুরুত্বারোপ করেন।